
# Sheikh Kamal Krira Complex

## Health and Sports





প্রধানমন্ত্রী
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২১ শ্রাবণ ১৪২২
০৫ আগস্ট ২০১৫

### বাণী

আবাহনীর প্রতিষ্ঠাতা এবং দেশের শ্রেষ্ঠ ক্রীড়া সংগঠক শহীদ শেখ কামালের ৬৬তম জন্মবার্ষিকী আবাহনী লিমিটেডের উদ্যোগে উদযাপন করা হচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে ক্রোড়পত্র প্রকাশের উদ্যোগকে আমি স্বাগত জানাই।

আমার অনুজ শেখ কামাল ছাত্রাবস্থাতেই রাজনীতির সাথে সম্পৃক্ত হয়ে পড়েন। তিনি ছাত্রলীগের একজন সক্রিয় কর্মী ছিলেন। ১৯৬৬ সালের ৬ দফা আন্দোলন এবং ১৯৬৯ সালের গণ-অভ্যুত্থানে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৯৭১ সালের ২৬শে মার্চের প্রথম প্রহরে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করার পর কামাল ভারতে চলে যান এবং মুক্তিযুদ্ধে যোগ দেন। ভারতের দেরাদুনে তিনি সামরিক প্রশিক্ষণ গ্রহণ করেন। শেখ কামাল ঢাকা কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স পরীক্ষা দিয়েছিলেন।

বহুমুখী প্রতিভার অধিকারী শেখ কামাল খেলাধুলার পাশাপাশি সাংস্কৃতিক অঙ্গনে প্রতিভার স্বাক্ষর রেখেছেন। তিনি সেতার বাজাতেন, নাটকে অভিনয় করতেন এবং 'স্পন্দন' নামক একটি সাংস্কৃতিক সংগঠন গড়ে তোলেন।

দেশের ক্রীড়াঙ্গনের উন্নয়নের প্রতি তিনি গভীর আগ্রহী ছিলেন। এজন্য তিনি প্রতিষ্ঠা করেন আবাহনী ক্লাব। প্রতিষ্ঠার অল্পদিনের মধ্যেই এ ক্লাবের জনপ্রিয়তা ঈর্ষণীয় পর্যায়ে উন্নীত হয়। দেশের অসংখ্য ক্রীড়ামোদী এ ক্লাবের পতাকাতলে সমবেত হন।

আবাহনীই এদেশে ফুটবলসহ অন্যান্য খেলাধুলার ক্ষেত্রে আধুনিক ধারার প্রবর্তন করে। ফুটবল খেলাকে জনপ্রিয়তার শীর্ষে নিয়ে যায়। শুধু আবাহনীই নয় বরং ক্রীড়ার সার্বিক মানকে সমৃদ্ধ করার জন্য শেখ কামাল অনেক সুদূরপ্রসারী পরিকল্পনা নিয়েছিলেন। কিন্তু ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকদের হাতে নির্মমভাবে নিহত হওয়ার পর তা স্থবির হয়ে যায়।

প্রতিষ্ঠাতার অকাল বিয়োগের শোককে শক্তিতে পরিণত করে আবাহনীপ্রেমী সংগঠকগণ '৭৫ পরবর্তী সময়ে নতুন উদ্যমে ক্লাবকে সংগঠিত করার উদ্যোগ নেন। সকলের ঐকান্তিক প্রচেষ্টায় আবাহনী হয়ে উঠে এদেশের মানুষের প্রিয় ক্রীড়া সংগঠন হিসেবে।

আমি জেনে আনন্দিত যে শেখ কামালের স্বপ্নকে বাস্তবে রূপ দেওয়ার জন্য ক্লাব কর্তৃপক্ষ "শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স" প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছেন। আমি এই মহতী উদ্যোগকে স্বাগত জানাই।

আমার বিশ্বাস, দেশের ক্রীড়াক্ষেত্রের সমৃদ্ধির বহুমাত্রিকতাকে গতিশীল করতে ভবিষ্যতে আবাহনী লিমিটেড আরও সক্রিয় ভূমিকা পালন করবে।

আমি আমার অনুজ শেখ কামালের জন্মদিন উপলক্ষে তাঁর রুহের মাগফিরাত কামনা করছি। একই সাথে আবাহনী'র উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

শেখ হাসিনা



চেয়ারম্যান
আবাহনী লিমিটেড

### বাণী

প্রথমেই আবাহনীর প্রতিষ্ঠাতা শেখ কামালের ৬৬তম জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি এবং তাঁর রুহের মাগফিরাত কামনা করছি। আবাহনী ক্লাবকে ঘিরে শেখ কামালের স্বপ্ন ছিল আকাশছোঁয়া। কামাল চাইতেন খেলাধুলায় দেশটাকে এগিয়ে নিতে অগ্রজের ভূমিকা পালন করবে আবাহনী ক্লাব। শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স তাঁর সেই স্বপ্নপূরণেরই একটি প্রয়াস।

১৯৭২ সালে আবাহনী যখন প্রতিষ্ঠিত হয়, তখনও দেশের ক্রীড়াজগতে প্রতিযোগিতার আবহ ছিল না। শেখ কামালের স্বপ্ন ছিল আবাহনীর মাধ্যমে দেশের ক্রীড়াঙ্গনে প্রতিযোগিতার পরিবেশ ফিরে আসবে এবং এর প্রভাবেই দেশে তৈরি হবে আন্তর্জাতিক মানসম্পন্ন ক্লাব। কালে কালে আবাহনীর কৃতিত্বগুলো যেন সেই স্বপ্নযাত্রারই একেকটি সোপান।

শুধু দেশের ক্রীড়াঙ্গনের উন্নয়ন নয়; সাধারণ মানুষের সুস্বাস্থ্য ও বিনোদনেও দৃষ্টান্ত হয়ে থাকবে শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স- এমনটাই আশা আমার। 'স্বাস্থ্য ও ক্রীড়া' এই স্লোগানকে সামনে রেখে ঢাকার প্রাণকেন্দ্রে গড়ে উঠবে সুবিশাল শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স।

পাঁচটি শাখায় ভাগ করা ক্লাবটি এককথায় যুগোপযোগী। বয়স অনুযায়ী খেলাধুলার প্রশিক্ষণের ব্যবস্থা আছে এতে। আছে সর্বাধুনিক প্রযুক্তিগত সুবিধা। স্বাস্থ্য ও বিনোদনের জন্য আছে আধুনিক প্রযুক্তিনির্ভর আবাহনী হেলথ ক্লাব ও শেখ কামাল মিলনায়তন।

নতুন প্রতিভা খোঁজা ও সেই প্রতিভার আলো দেশব্যাপী ছড়িয়ে দিতে থাকছে আবাসিক সুবিধা সম্বলিত শেখ কামাল একাডেমি। মাথায় রাখা হয়েছে আশেপাশের এলাকাবাসীর কথাও। সাধারণের শরীরচর্চার জন্য উন্মুক্ত থাকছে সুপরিসর ওয়াকওয়ে। আছে উন্মুক্ত ক্রিকেট ও ফুটবল খেলার মাঠ।

আর তাই শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স যে দেশের ক্রীড়া, শরীরচর্চা ও সামাজিক বিনোদনের এক অনন্য কেন্দ্র হিসেবে গড়ে উঠবে, তাতে কোনও সন্দেহ নেই। নিজেকে আন্তর্জাতিক মানসম্পন্ন করে গড়ে তোলার মাধ্যমে দেশের ভবিষ্যতের ক্রীড়াজগতে নেতৃত্ব দেবে আবাহনী- এমন প্রত্যাশায় শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স প্রকল্প বাস্তবায়নে সবার সহযোগিতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু

সালমান এফ রহমান



জয় বাংলা — জয় বঙ্গবন্ধু

ডাইরেক্টর ইন-চার্জ
আবাহনী লিমিটেড

### বাণী

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য সন্তান শেখ কামাল ছিলেন ভীষণ ক্রীড়ানুরাগী। স্বতঃস্ফূর্তভাবে নিজ উদ্যোগে ক্রীড়াঙ্গনে সম্পৃক্ত হন। স্বাধীনতার পর খেলাধুলায় নতুন ধারার সূচনা করতে ১৯৭২ সালে প্রতিষ্ঠা করেন আবাহনী।

বাংলাদেশের আধুনিক ফুটবলের প্রবর্তন আবাহনীর হাত ধরে। স্বাধীনতার আগে পাকিস্তান সরকার আবাসিক খাত হিসেবে ব্যবহার করতে চেয়েছিল বর্তমান আবাহনী মাঠকে। তখন এলাকার তরুণ প্রজন্ম এর বিরুদ্ধে প্রবল প্রতিরোধ গড়ে তোলে। ব্যর্থ হয় শাসকদল। আত্মপ্রকাশ করে আবাহনী সাহিত্য সংস্কৃতি ও ক্রীড়া সংগঠন। শেখ কামালের সক্রিয় উদ্যোগে সৃজিত এই সংগঠনই আবাহনী ক্রীড়া চক্র নামে নতুন করে আত্মপ্রকাশ করে। ক্রিকেট এবং ফুটবলের মাধ্যমে ধীরে ধীরে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে ক্লাবটি।

সত্তরের দশক থেকেই আবাহনীর সাথে নিবিড়ভাবে কাজ করার সুযোগ হয় আমার। এই ঐতিহাসিক সংগঠনকে ঘিরে একটি ক্রীড়া কমপ্লেক্স তৈরির প্রয়োজনীয়তা দেখা দেয়। শেখ কামালের স্বপ্ন ছিল এমন একটি সংস্থা নির্মাণের যেখানে অত্যাধুনিক সুযোগ-সুবিধার কোনও কমতি থাকবে না। যার সিঁড়ি বেয়ে খেলাধুলার এক নতুন আকাশে পৌঁছাবে বাংলাদেশ।

১৯৭৫ সালের ১৫ আগস্টের পর এক অন্ধকারাচ্ছন্ন সময় অতিক্রান্ত করে বাঙালি জাতি। কিন্তু শেখ কামালের স্বপ্ন নিঃশেষ হয়ে যায়নি। তরুণ প্রজন্মই নবউদ্যমে এগিয়ে নিয়ে গেছে তাঁর লালিত স্বপ্নটাকে। ১৯৯৬ সালে আওয়ামী লীগ সরকার ক্ষমতায় এলে জননেত্রী শেখ হাসিনার উদ্যোগে আবারও ঘুরে দাঁড়াতে শুরু করে আবাহনী ক্রীড়াচক্র। তাঁর স্বপ্নের সফল বাস্তবায়নের লক্ষ্যে উদ্যোগ নেওয়া হয় 'শেখ কামাল ক্রীড়া কমপ্লেক্স' নির্মাণের।

দীর্ঘ চড়াই-উৎরাই পেরিয়ে আজ আমরা সেই মাহেন্দ্রক্ষণের সামনে দাঁড়িয়ে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এই কমপ্লেক্স নির্মাণের পরিকল্পনা বাস্তবায়ন হতে চলেছে। এই দীর্ঘ পথ পরিক্রমায় যারা যেভাবে এই কমপ্লেক্স নির্মাণের স্বপ্নকে বাস্তবায়ন করতে অবদান রেখেছেন তাদের সবার প্রতি আমি কৃতজ্ঞ ও ধন্যবাদ জানাচ্ছি।

দেশের ক্রীড়া সমৃদ্ধির অগ্রগতিতে যে স্বপ্নে শেখ কামাল নিজেকে সক্রিয়ভাবে সম্পৃক্ত করেছিলেন তার সফল বাস্তবায়ন করতে আজ আমরা সকলেই প্রত্যয়ী। আমাদের যৌথ প্রয়াস অবশ্যই সফল হবে– এটাই প্রত্যাশা।

কাজী শাহেদ আহমেদ

Sheikh Kamal had founded Abahani Club with an aim to making it the centre of sports and health. Abahani Club will play a pioneering role in moving the country's sports forward—that was the dream of Sheikh Kamal. Today Sheikh Kamal is no longer amongst us. But his dream resonates in our hearts from generation to generation. Now it is our turn to transform his dream into a reality and to institutionalize it. Sheikh Kamal Krira Complex is the result of that dream. Every bit of progress for building this complex is like a step towards the fulfilment of Sheikh Kamal's dream.

### A Dreamer (August 5, 1949 – August 15, 1975)

Shaheed Sheikh Kamal – the eldest son of Father of the Nation Bangabandhu Sheikh Mujibur Rahman, an eminent sports organiser, and valiant freedom fighter – was born on August 5, 1949 in Tungipara. A symbol of youth, Sheikh Kamal passed his secondary examination from Dhaka's Shaheen School and higher secondary examination from Dhaka College before earning his BA (honours) degree from Dhaka University's sociology department. Sheikh Kamal – an evergreen presence in the country's arts, literature, and cultural arena – was also a student of Chhayanaut's Sitar department. He was also a leading organiser in the theatre movement.

Stepping up to protect the motherland, Kamal left home on the night of March 25, 1971, to join the Liberation War. After receiving training in the first war course of the independent Bangladesh, Kamal was commissioned in the Mukti Bahini and served as an ADC for the then leader of the armed forces General Osmani. After the country was liberated, Sheikh Kamal left the army and dedicated his time to rebuilding and rehabilitating the war-torn Bangladesh and creating a better future for those in need. During his colourful career, he also served as a member of Bangladesh Chhatra League central executive committee, and also as a member of the central committee of Jatiyo Chhatra League – an associate body of Bangladesh Krishok Sramik Awami League.

He was also greatly interested in sports, being active himself in Basketball, Cricket and Volleyball. Not only as a sportsman, Sheikh Kamal was also successful as a sports organiser. Abahani, the club that modernised the country's sports arena, was the brainchild of Sheikh Kamal. Within a span of only three years, he transformed Abahani from an ordinary welfare society to the most successful club in the country. His farsightedness, hard work, and dedication were instrumental to that success.

On the dark night of August 15, 1975, the 26-year-old Kamal was killed along with his family in history's most heinous act of assassination. Sheikh Kamal is with us no more, but his dreams live on. The construction of the Sheikh Kamal Krira Complex would be a successful realisation of his visions.

### History of Abahani

Abahani is not only a club to the people of Bangladesh; it is also synonymous with modernity in the sports world. Looking at the club's history, we can see that it started its journey with the name 'Abahani Samaj Kalyan Samity' under the able leadership of Sheikh Kamal. Abahani is the outcome of Sheikh Kamal's endless interest in sports, his teamwork, farsightedness, and organisational skills. Time-befitting ideas and a determination for bringing change allowed Abahani to introduce a new chapter in Bangladesh sports.

During its 43 years of glorious history, Abahani Club has won 15 football titles, 17 cricket titles and 16 hockey trophies, as well as winning the runners-up podium countless times. The dominating success in football, cricket, hockey and other sports avenues have made the club a shining example in the country. Along with bringing international accolades for the country, the constant stream of success have also let Abahani set plenty of milestones in sports.




### Sheikh Kamal Krira Complex, realisation of a dream

Sheikh Kamal Krira Complex is the name of an exemplary initiative for accomplishment of Sheikh Kamal's dream and bringing more dynamism into the sports arena. Abahani Limited is the initiator for realisation this dream. Sheikh Kamal's dream is now set to become a reality with the unique blending of health, sports and social recreation at one place.

Sheikh Kamal Krira Complex will ensure favorable environment with maximum facilities for exercising and maintaining good health. This complex will take Bangladesh's sport to a new height by providing modern facilities for players to develop their skills and nurture their talents. The 4,000 capacity convention centre of Sheikh Kamal Krira Complex will allow people to gather socially and celebrate events in a different way.

Divided in 5 sections, this complex has:

- Abahani Limited Club
- Abahani Health Club: only for members and separate arrangement for women
- Sheikh Kamal convention centre : 4,000 capacity convention centre with basement parking for 700 cars
- Sheikh Kamal Academy: age-level football and cricket training centre with residential facility
- Long walkway



### Abahani Limited Club

- World class cricket and football grounds with state-of-the-art water drainage system
- Air-conditioned basketball court
- Separate dormitory for males and females with high-speed internet and many other facilities
- Players' room akin to five star hotel standards
- Aerobic and yoga facilities with modern physical exercise centre and best quality equipment
- Fully air-conditioned training and video analysis rooms with modern facilities
- Physiotherapy and doctors' rooms with best quality treatment equipment
- Multi cuisine café
- Spacious office rooms with computers and high-speed internet
- Satellite telephones, video conference and other technology-equipped board room
- Laundry facilities with modern equipment



### Abahani Health Club

- Two separate gymnasiums with world class equipment and experienced trainers for male and female sports enthusiasts
- Luxurious and modern steam bath and sauna
- Arrangement of chiropractic services to handle mental pressure and sports massage facilities
- Age based aerobic class arrangements for family members
- Yoga workshop with spacious studio and rest house
- Separate state-of-the-art swimming pools for men and women
- Separate room spa facilities with individual consultation
- Multi-layer tennis and badminton courts
- Spacious and modern club rooms with world class facilities
- Squash, billiard, table tennis and other indoor games
- Luxurious club lounge



### Sheikh Kamal Convention Centre

- Large convention centre with 4,000 seats, latest sound system and lighting
- International standard conference rooms of different capacity
- World class food court with excellent delicacies and high-standard serving
- Museum showcasing Abahani jerseys and souvenirs on evolution and excellence of the club
- Spacious playing zone for children
- A large library for readers of all ages
- Art gallery featuring modern artworks
- Restaurants serving Asian and European cuisine



### Sheikh Kamal Academy

- Sincere nurturing for proper blossoming of talent
- Modern residential facilities
- Round-the-clock age group-wise training and monitoring by skilled trainers



### Long Walkway

- International-standard spacious walkway
- Store for necessary stuffs
- Changing room with latest facilities